

শৈলকুপা উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির এপ্রিল/২০২২ মাসের দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ জাহিদুল্লাহ কালু
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
সভার তারিখ : ২৭/০৪/২০২২ খ্রিঃ।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
সময় : সকাল ১১:০০ ঘটিকা।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতি ক্রমে দৃষ্টিকরণ করা হয়। সভাপতি মহোদয়ের অনুরোধ ক্রমে সদস্য সচিব, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নিম্নে উল্লেখিত আলোচ্যসূচী উপস্থাপন করেন ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচীঃ-

- ০১। মার্চ/২০২২ মাসের আইন শৃংখলা বিষয়ক সার্বিক পর্যালোচনা।
- ০২। সকল ইউনিয়নের আইন-শৃংখলা কমিটির সভা সংগঠন সংক্রান্ত আলোচনা।
- ০৩। মাদক নির্মূল ও পুনর্বাসন সংক্রান্ত আলোচনা।
- ০৪। অন্যান্য বিষয়ে আলোচনা।

সিদ্ধান্ত সমূহ

আলোচনা “০১” মার্চ/২০২২ খ্রিঃ মাসের আইন-শৃংখলা বিষয়ক পর্যালোচনাঃ-

সভাপতি মহোদয় বিগত মার্চ/২০২২ খ্রিঃ মাসের সার্বিক আইন-শৃংখলা বিষয়ে জানতে চাইলে সভায় উপস্থিত উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শৈলকুপার সার্বিক আইন-শৃংখলা বিষয়ক চিত্র তুলে ধরেন।

দিগনগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়ের উদ্বৃত্তিতে তার ইউনিয়নে আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। মাদক মোটামুটি নিয়ন্ত্রনে আছে। বড় ধরনের কোন সমস্যা নাই। বগুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়ের ভাষ্যমতে তার ইউনিয়নের আইন-শৃংখলা পরিস্থিতি মোটামুটি স্বাভাবিক পর্যায়ে আছে। আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ সর্বদা তৎপর রয়েছে। ছোট-খাটো সমস্যাগুলো অফিসার ইনচার্জ শৈলকুপা থানা মহোদয়ের সাথে পরামর্শক্রমে সমাধান করে থাকেন। শৈলকুপা প্রেসক্লাব এর প্রতিনিধি জানান যে, এ আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে উপজেলা প্রশাসনকে আরো তৎপর হতে হবে। সবাইকে এ লক্ষ্যে এগিয়ে আসতে হবে।

সভায় সভাপতি মহোদয় জানান যে, সরকার মাদকের বিরুদ্ধে যথাযথ পদক্ষেপ নিয়েছেন। মাদকের কারণে অনেক সংসার ধ্বংস হয়ে যাচ্ছে। মাদকাসক্তদের মাদক থেকে মুক্ত করে যথাযথ পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। তাছাড়া অত্র উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি সম্পর্কে তিনি সন্তুষ্টি প্রকাশ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ জাহিদুল্লাহ কালু)

সভাপতি

আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটি ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং-৪৪.০৩.৪৪৮০.০০৪.০০০.০৩.২২-৬৫

তারিখঃ-২৭/০৪/২০২২ খ্রিঃ।






অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
- ০৪। জনাব চেয়ারম্যান ইউনিয়ন ও সদস্য, আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটি, শৈলকুপা, ঝিনাইদহ।
- ০৫। অফিস কপি।

(মোঃ হাবিবুর রহমান)

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
শৈলকুপা, ঝিনাইদহ।

শৈলকুপা উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির ২৭/০৮/২০২২ মাসের
দ্বি-মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর ও তারিখ
০১	মোঃ জাহিদুল্লাহ কালু	সভাপতি	
০২	মোঃ মতিয়ার রহমান বিশ্বাস	সদস্য	
০৩	এ্যাড. সালাহুদ্দিন জোয়ার্দার (মামুন)	সদস্য	
০৪	মোঃ শাহাবুদ্দিন সাবু	সদস্য	
০৫	মোঃ হাবিবুর রহমান	সদস্য সচিব	

সভার তারিখঃ ২৭/০৮/২০২২ খ্রিঃ।

উপজেলাঃ শৈলকুপা, জেলাঃ ঝিনাইদহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং-৪৪.০৩.৪৪৮০.০০৪.০০০.০৩.২১- ৩৪

তারিখঃ- ২৪/০৪/২০২২ খ্রিঃ।

নোটিশ

এতদ্বারা শৈলকুপা উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সদস্যবৃন্দের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আগামী ২৭/০৪/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ২৭/০৪/২০২২ মাসের দ্বি-মাসিক সভা 'উপজেলা পরিষদ সভাকক্ষে' আহবান করা হয়েছে।

উক্ত কমিটির একজন সম্মানিত সদস্য হিসাবে আপনাকে যথাসময়ে সভায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ হাবিবুর রহমান)

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
শৈলকুপা, ঝিনাইদহ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

- ০১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
- ০৪। জনাব, চেয়ারম্যান ইউনিয়ন ও সদস্য,
আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটি, শৈলকুপা, ঝিনাইদহ।
- ০৫। অফিস কপি।


(মোঃ হাবিবুর রহমান)

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
শৈলকুপা, ঝিনাইদহ।